# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৭২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, কুর‘আন বহির্ভুত দু‘আ করলে সালাত বিনষ্ট হয়ে যায়, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن الدُّعَاءَ بِمَا لَيْسَ فِي كِتَابِ اللَّهِ يُبْطِلُ صَلَاةَ الدَّاعِي فِيهَا

---

আরবী

1972 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْمَرْوَزِيُّ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ الْمُغِيرَةِ عَنْ ثَابِتٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى عَنْ صُهَيْبٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَمَسَ شَيْئًا لَا نَفْهَمُهُ فَقَالَ: (أَفَطِنْتُم لِي)؟ قُلْنَا: نَعَمْ قَالَ: (إِنِّي ذَكَرْتُ نَبِيًّا مِنَ الْأَنْبِيَاءِ أُعطي جُنُودًا مِنْ قَوْمِهِ فَقَالَ: مَنْ يَقُومُ لِهَؤُلَاءِ؟ فَأَوْحَى اللَّهُ إِلَيْهِ: أَنِ اخْتَرْ لِقَوْمِكَ إِحْدَى ثَلَاثٍ: إِمَّا أَنْ أُسلِط عَلَيْهِمْ عَدُوًّا مِنْ غَيْرِهِمْ أَوِ الْجُوعَ أَوِ الْمَوْتَ فَاسْتَشَارَ قَوْمَهُ فِي ذَلِكَ فَقَالُوا: أَنْتَ نَبِيُّ اللَّهِ نَكِلُ ذَلِكَ إِلَيْكَ خِرْ لَنَا فَقَامَ إِلَى صَلَاتِهِ ـ وَكَانُوا إِذَا فَزِعُوا فَزِعُوا إِلَى الصَّلَاةِ ـ فَصَلَّى مَا شَاءَ اللَّهُ فَقَالَ: أَيْ رَبِّ أَمَّا عَدُوُّهُمْ مِنْ غَيْرِهِمْ وَالْجُوعُ فَلَا وَلَكِنِ الْمَوْتُ فسلِّط عَلَيْهِمُ الْمَوْتَ ثَلَاثَةَ أَيَّامٍ فَمَاتَ مِنْهُمْ سَبْعُونَ أَلْفًا فَهَمْسِي الَّذِي تَرَوْنَ أَنْ أَقُولَ: اللَّهُمَّ بِكَ أُقَاتِلُ وَبِكَ أُصَاوِلُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إلا بالله)

الراوي : صُهَيْب | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1972 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (1061)

বাংলা

১৯৭২. সুহাইব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফিসফিস করে কিছু বলেন, যা আমরা বুঝতে পারি নাই। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমরা

আমার ব্যাপারটি খেয়াল করেছো?” আমরা বললাম, “জ্বী, হ্যাঁ।” তিনি বলেন, “আমি একজন নাবী আলাইহিস সালামের কথা স্মরণ করছিলাম, যাকে তাঁর সম্প্রদায় থেকে সেনাদল দেওয়া হয়েছিল, তখন তিনি বলেন, “এই সেনাদলের দায়িত্বভার কে নিবে?” তখন আল্লাহ তাঁর কাছে ওহী করেন, “আপনি আপনার সম্প্রদায়ের জন্য তিনটি বিষয়ের যে কোন একটি বিষয় গ্রহণ করুন: হয়তো  আমি তাদের উপর অন্য জাতীর শত্রু চাপিয়ে দিবো, অথবা তাদেরকে ক্ষুধা দিবো নতুবা মৃত্যু দিবো।” অতঃপর তিনি এই ব্যাপারে তাঁর সম্প্রদায়ের সাথে পরামর্শ করেন। তারা জবাবে বলেন, “আপনি আল্লাহর নাবী, আমরা বিষয়টি আপনার প্রতি ন্যস্ত করছি, আপনি আমাদের নির্বাচন করুন।”

তারপর তিনি সালাতে দাঁড়ান, -তারা যখন কোন বিষয়ে ভীত সন্ত্রস্ত হতেন, তখন তারা সে অবস্থাতেই দ্রুত সালাতে দাঁড়িয়ে যেতেন- অতঃপর আল্লাহ যা চান তিনি সালাত আদায় করেন এবং বলেন, “হে আমার প্রভু, ক্ষুধা ও অন্য জাতীর শত্রু আমাদের উপর চাপিয়ে দিয়েন না। বরং মৃত্যু দিন।” অতঃপর তিন দিন তাদের উপর মৃত্যু দেওয়া হয়। এতে তাদের মাঝে ৭০ হাজার লোক মারা যান। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “সুতরাং তোমরা যে আমাকে ফিসফিস করে কিছু বলতে শুনেছো, সেসময় আমি এই দু'আ বলেছি- اللَّهُمَّ بِكَ أُقَاتِلُ وَبِكَ أُصَاوِلُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إلا بالله (হে আল্লাহ, আমি আপনার সাহায্যে যুদ্ধ করি, আপনার সাহায্যে হামলা করি। মন্দ কাজ থেকে বেঁচে থাকার  কোন সাধ্য নাই আল্লাহ ছাড়া, আর কোন ভালো কাজ করার ক্ষমতা নেই আল্লাহ ছাড়া।)”[1]

قَالَ أَبُو حَاتِمٍ: مَاتَ صُهَيْبٌ سَنَةَ ثَمَانٍ وَثَلَاثِينَ فِي رَجَبٍ فِي خِلَافَةِ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ وَوُلِدَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي لَيْلَى لِسَنَتَيْنِ مَضَتَا مِنْ خِلَافَةِ عُمَرَ رَضِيَ الله عنه.

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “সুহাইব রাদ্বিয়াল্লাহু আনহু আলী রাদ্বিয়াল্লাহু আনহুর খিলাফতকালে ৩৮ হিজরীতে মারা যান আর আব্দুর রহমান বিন আবূ লাইলাহ উমার রাদ্বিয়াল্লাহু আনহুর খিলাফতের দুই বছর গত হওয়ার পর জন্ম গ্রহণ করেন।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৩৩৩; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৬১৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯৭৫১; তিরমিযী: ৩৩৪০; তাবারানী: ৭৩১৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১০৬১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সুহায়ব আর্‌ রূমী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91289

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন